يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا آبَاءَكُمْ وَإِخْوَانَكُمْ أَوْلِيَاءَ إِنِ اسْتَحَبُّوا الْكُفْرَ عَلَى الْإِيمَانِ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴿التوبة: ٢٣﴾ قُلْ إِن كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُم مِّنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّىٰ يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ ﴿التوبة: ٢٤﴾

“হে ঈমানদারগণ! তোমাদের পিতা ও ভাই যদি ঈমান অপেক্ষা কুফরকে ভালোবাসে; তবে তাদেরকে অন্তরঙ্গরূপে গ্রহণ করো না। আর তোমাদের যারা তাদের অন্তরঙ্গরূপে গ্রহণ করে, তারা সীমালংঘনকারী। বলুন, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের পত্নী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন-সম্পদ, তোমাদের ব্যবসা- যা বন্ধ হয়ে যাওয়ার ভয় কর এবং তোমাদের বাসস্থান- যাকে তোমরা পছন্দ কর; যদি এসব তোমাদের নিকট আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লাহর বিধান আসা পর্যন্ত। আর আল্লাহ ফাসিক সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।” (সূরা তাওবা: ২৩-২৪)

আল্লাহ তাঁর প্রিয় ও প্রেমিক বান্দাদের গুণাবলি বর্ণনা করে ইরশাদ করেছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَن يَرْتَدَّ مِنكُمْ عَن دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ذَٰلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَن يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿المائدة: ٥٤﴾

"হে মু'মিনগণ! তোমাদের মধ্যে যে স্বীয় ধর্ম থেকে ফিরে যাবে, অচিরেই আল্লাহ এমন সম্প্রদায় আনবেন, যাঁদেরকে তিনি ভালোবাসবেন এবং তাঁরা তাঁকে ভালোবাসবে। তাঁরা মু'মিনদের প্রতি কোমল এবং কাফেরদের প্রতি কঠোর হবে; তারা আল্লাহর পথে জিহাদ করবে এবং কোনো তিরস্কারকারীর তিরস্কারে ভীত হবে না। এটি আল্লাহর অনুগ্রহ, তিনি যাকে ইচ্ছা দান করেন। আল্লাহ প্রাচুর্য দানকারী, মহাজ্ঞানী।" (সূরা মায়িদা: ৫৪)

কারণ, জিহাদ করার জন্য ভালোবাসা আবশ্যক। কারণ, প্রিয়তম যা ভালোবাসে প্রেমিক তা-ই ভালোবাসে। সে তা-ই ঘৃণা করে, যা তার প্রিয়তম ঘৃণা করে। তার সাথেই বন্ধুত্ব করে, যার সাথে তার প্রিয়তম বন্ধুত্ব করে। তার সাথেই শত্রুতা পোষণ করে, যার সাথে প্রিয়তম শত্রুতা পোষণ করে। তার প্রতিই সন্তুষ্ট হয়, যার প্রতি প্রিয়তম সন্তুষ্ট হয়। তার প্রতিই রুষ্ট হয়, যার প্রতি প্রিয়তম রুষ্ট হয়। তা-ই আদেশ করে, যা প্রিয়তম আদেশ করে। তা-ই নিষেধ করে, যা প্রিয়তম নিষেধ করে। সুতরাং সে তাঁর অনুগামী হয়ে যায়।

মুজাহিদীন তাঁরাই, যাঁদের সন্তুষ্টিতে আল্লাহ সন্তুষ্ট হোন। যাঁদের রুষ্টতায় আল্লাহ রুষ্ট হোন। কারণ, তাঁরাই তো আল্লাহর সন্তুষ্টিতে সন্তুষ্ট হোন। আবার তাঁর রুষ্টতায় রুষ্ট হোন। যেমন,

সুহাইব ও বিলাল রাযি. ছিলেন। এমন একটি দলের ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু বকর রাযি. কে বলেছিলেন-

لَعَلَّكَ أَغْضَبْتَهُمْ لَئِنْ كُنْتَ أَغْضَبْتَهُمْ لَقَدْ أَغْضَبْتَ رَبَّكَ فَقَالَ لَهُمْ يَا إِخْوَتِي هلْ أَغْضَبْتُكُمْ قَالُوا لَا يَغْفِرُ اللَّهُ لَكَ يَا أَبَا بَكْرٍ

"হয়তো তুমি তাদেরকে রাগিয়ে দিয়েছ। যদি তুমি তাদেরকে রুষ্ট করে থাক; তাহলে তুমি তোমার রবকেও রুষ্ট করেছ। তিনি বললেন, ভাইয়েরা! আমি কি তোমাদেরকে রুষ্ট করেছি? তাঁরা বললেন, আবু বকর! আল্লাহ আপনাকে ক্ষমা করবেন না।"

তাদের পাশ দিয়ে যাচ্ছিল আবু সুফিয়ান ইবনে হারব। তাঁরা বললেন, তলোয়ারটা জায়গা মতো পৌঁছল না। তখন আবু বকর রাযি. তাঁদেরকে বললেন, কুরাইশ সর্দারকে তোমরা এমন কথা বলছ? আবু বকর রাযি. ঘটনাটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জানালেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, আগে বেড় না। কারণ, তাঁরা আল্লাহর জন্য রুষ্ট হয়েই এমনটি বলেছে। তাঁরা যে আল্লাহ ও তাঁর রাসূলকে ভালোবাসে এবং তাঁদের শত্রুদের সাথে শত্রুতা পোষণ করে শুধুমাত্র সেটার পূর্ণতার জন্যই এমনটি করেছে। তাই তো বিশুদ্ধ বর্ণনায় হাদীসে কুদসীতে আল্লাহ তা'আলা বলেছেন-

لاَ يَزَالُ عَبْدِي يَتَقَرَّبُ إِلَيَّ بِالنَّوَافِلِ حَتَّى أُحِبَّهُ فَإِذَا أَحْبَبْتُهُ كُنْتُ سَمْعَهُ الَّذِي يَسْمَعُ بِهِ وَبَصَرَهُ الَّذِي يُبْصِرُ بِهِ وَيَدَهُ الَّتِي يَبْطِشُ بِهَا وَرِجْلَهُ الَّتِي يَمْشِي بِهَا فبي يَسْمَعُ ، وَبِيْ يُبْصِرُ ، وَبِيْ يَبْطِشُ ، وَبِيْ يَمْشِي ، وَلَئِن سَأَلَنِي لَأُعْطِيَنَّهُ وَلَئِنِ اسْتَعَاذَنِي لَأُعِيذَنَّهُ وَمَا تَرَدَّدْتُ عَنْ شَيْءٍ أَنَا فَاعِلُهُ تَرَدُّدِي عَنْ نَفْسِ الْمُؤْمِنِ يَكْرَهُ الْمَوْتَ وَأَنَا أَكْرَهُ مَسَاءَتَهُ وَلَا بُدَّ مِنْهُ

“আমার বান্দা নফল কাজের মাধ্যমে আমার নিকটবর্তী হয়, এমনকি এক সময় আমি তাকে ভালোবেসে ফেলি। যখন আমি তাকে ভালোবাসি, তখন আমি তার কান হয়ে যাই, যেটা দিয়ে সে শুনতে পায়। আমি তার চোখ হয়ে যাই, যেটা দিয়ে সে দেখতে পায়। আমি তার হাত হয়ে যাই, যেটা দিয়ে সে ধরে। আমি তার পা হয়ে যাই, যেটা দিয়ে সে হাঁটে। সে শুধু আমার জন্যই শোনে। আমার জন্যই দেখে। আমার জন্যই ধরে। আমার জন্যই হাঁটে। সে আমার কাছে চাইলে আমি তাকে দিই। সে আশ্রয় চাইলে আমি আশ্রয় দিই। কোনো ব্যাপারেই আমি তাঁকে ফেরত দিইনি। আমিই দিয়েছি সবকিছু। আমার মু'মিন বান্দার রুহ কবজা করতে আমার ইতস্তত লাগে। সে যে মৃত্যুযন্ত্রণা অপছন্দ করে, আমিও তাকে কষ্ট দিতে চাই না। তবে তা ছাড়া যে কোনো উপায় নেই।” (আত-তুহফাতুল ইরাকিয়্যাহ, ১/৬৩-৬৪ পৃ.)

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. ইয়াহুদী-নাসারাদের সাথে বন্ধুত্ব সম্পর্কে বলেন, পার্থিব বিষয়াদিতে সাদৃশ্য থাকলে ভালোবাসা ও বন্ধুত্ব হয়ে যায়। সুতরাং ধর্মীয় বিষয়াদিতে সাদৃশ্য থাকলে কী পরিণাম হবে?? কারণ, তা-ই গভীর থেকে গভীরতর বন্ধুত্বের দিকে নিয়ে যায়।

আর তাদের সাথে বন্ধুত্ব ও ভালোবাসা ঈমানের বিপরীত। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿المائدة: ٥١﴾ فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَىٰ أَن تُصِيبَنَا دَائِرَةٌ فَعَسَى اللَّهُ أَن يَأْتِيَ بِالْفَتْحِ أَوْ أَمْرٍ مِّنْ عِندِهِ فَيُصْبِحُوا عَلَىٰ مَا أَسَرُّوا فِي أَنفُسِهِمْ نَادِمِينَ ﴿المائدة: ٥٢﴾ وَيَقُولُ الَّذِينَ آمَنُوا أَهَٰؤُلَاءِ الَّذِينَ أَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ إِنَّهُمْ لَمَعَكُمْ حَبِطَتْ أَعْمَالُهُمْ فَأَصْبَحُوا خَاسِرِينَ ﴿المائدة: ٥٣﴾

"হে মু'মিনগণ! তোমরা ইয়াহুদী ও খ্রিস্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করবে; সে তাদেরই অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আল্লাহ জালিম সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না। বস্তুত যাদের অন্তরে রোগ রয়েছে, তাদেরকে আপনি দেখবেন, দৌড়ে গিয়ে তাদেরই মধ্যে প্রবেশ করে। তারা বলে, আমরা আশঙ্কা করি, পাছে না আমরা কোনো দুর্ঘটনায় পতিত হই। অতএব, সেদিন দূরে নয়, যেদিন আল্লাহ তা'আলা বিজয় দান করবেন অথবা নিজের পক্ষ থেকে কোনো নির্দেশ দেবেন; ফলে তারা স্বীয় গোপন মনোভাবের জন্য অনুতপ্ত হবে। মু'মিনরা বলবে, এরাই কি সে সব লোক, যারা আল্লাহর নামে দৃঢ় প্রতিজ্ঞা করত যে, আমরা তোমাদের সাথেই আছি? তাদের কৃতকর্মসমূহ নষ্ট হয়ে গেছে; ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়ে আছে।" (সূরা মায়িদা: ৫১-৫৩)

আল্লাহ তা'আলা আহলে কিতাবের দুর্নাম করে বলেছেন-

لُعِنَ الَّذِينَ كَفَرُوا مِن بَنِي إِسْرَائِيلَ عَلَىٰ لِسَانِ دَاوُودَ وَعِيسَى ابْنِ مَرْيَمَ ذَٰلِكَ بِمَا عَصَوا وَّكَانُوا يَعْتَدُونَ ﴿المائدة: ٧٨﴾ كَانُوا لَا يَتَنَاهَوْنَ عَن مُّنكَرٍ فَعَلُوهُ لَبِئْسَ مَا كَانُوا يَفْعَلُونَ ﴿المائدة: ٧٩﴾ تَرَىٰ كَثِيرًا مِّنْهُمْ يَتَوَلَّوْنَ الَّذِينَ كَفَرُوا لَبِئْسَ مَا قَدَّمَتْ لَهُمْ أَنفُسُهُمْ أَن سَخِطَ اللَّهُ عَلَيْهِمْ وَفِي الْعَذَابِ هُمْ خَالِدُونَ ﴿المائدة: ٨٠﴾ وَلَوْ كَانُوا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالنَّبِيِّ وَمَا أُنزِلَ إِلَيْهِ مَا اتَّخَذُوهُمْ أَوْلِيَاءَ وَلَٰكِنَّ كَثِيرًا مِّنْهُمْ فَاسِقُونَ ﴿المائدة: ٨١﴾

"বনী ইসরাঈলের মধ্যে যারা কাফের, তাদেরকে দাউদ ও মরিয়ম তনয় ঈসার মুখে অভিসম্পাত করা হয়েছে। এটা এ কারণে যে, তারা ছিল অবাধ্য এবং সীমালঙ্ঘনকারী। তারা

যেসব মন্দ কাজ করত, পরস্পরকে সে সব মন্দ কাজে নিষেধ করত না। তারা যা করত, তা কতই না নিকৃষ্ট ছিল। আপনি তাদের অনেককে কাফেরদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন। কত নিকৃষ্ট তাদের কৃতকর্ম। যে কারণে তাদের প্রতি আল্লাহ ক্রোধান্বিত হয়েছেন এবং তারা চিরকাল শাস্তিভোগ করতে থাকবে। যদি তারা আল্লাহর প্রতি ও নবীর প্রতি এবং তাঁর উপর অবতীর্ণ বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করত; তবে কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ করত না। কিন্তু তাদের মধ্যে অনেকেই দুরাচার।" (সূরা মায়িদা: ৭৮-৮১)

আল্লাহ তা'আলা স্পষ্ট বলে দিয়েছেন, আল্লাহর প্রতি, নবীর প্রতি এবং তাঁর উপর অবতীর্ণ কিতাবের প্রতি ঈমান আনার জন্য তাদের সাথে সম্পর্কচ্ছেদ আবশ্যক। সুতরাং তাদের সাথে বন্ধুত্ব রাখা আল্লাহর প্রতি ঈমান না থাকাই প্রমাণ করে। কারণ লাযেমের অনুপস্থিতি মালযুমের অনুপস্থিতিকে প্রমাণ করে।

আল্লাহ তা'আলা বলেছেন-

لَّا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللَّهَ وَرَسُولَهُ وَلَوْ كَانُوا آبَاءَهُمْ أَوْ أَبْنَاءَهُمْ أَوْ إِخْوَانَهُمْ أَوْ عَشِيرَتَهُمْ أُولَٰئِكَ كَتَبَ فِي قُلُوبِهِمُ الْإِيمَانَ وَأَيَّدَهُم بِرُوحٍ مِّنْهُ ... ﴿المجادلة: ٢٢﴾

"যাঁরা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে, তাঁদেরকে আপনি আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণকারীদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন না; যদিও তারা তাঁদের পিতা, পুত্র, ভ্রাতা অথবা জ্ঞাতি-গোষ্ঠী হয়। তাঁদের অন্তরে আল্লাহ ঈমানকে সুদৃঢ় করে দিয়েছেন এবং তাঁদেরকে তাঁর পক্ষ হতে রূহ দ্বারা শক্তিশালী করেছেন।" (সূরা মুজাদালা: ২২)

আল্লাহ জানিয়ে দিচ্ছেন, এমন কোনো মু'মিন নেই, যে কোনো কাফেরের সাথে বন্ধুত্ব করে। সুতরাং যে কাফেরদের সাথে বন্ধুত্ব করে, সে মু'মিন নয়। আর বাহ্যিক সাদৃশ্য থেকেই বন্ধুত্বের অনুমান করা যায়। তাই তাও হারাম হবে। যে সম্পর্কে পূর্বে আলোচিত হয়েছে।" (ইকতিজাউস সিরাতিল মুস্তাকীম, ১/২২১-২২২ পৃ.)

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. আরও বলেন, মু'মিনের উপর কর্তব্য হলো: আল্লাহর জন্য শত্রুতা করা এবং আল্লাহর জন্য বন্ধুত্ব করা। মু'মিনকে বন্ধুরূপে গ্রহণ করতেই হবে; যদিও সে তাকে অত্যাচার করুক। কারণ, অত্যাচার ঈমানী বন্ধন ছিন্ন করতে পারে না। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

وَإِن طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا فَإِن بَغَتْ إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَىٰ فَقَاتِلُوا الَّتِي تَبْغِي حَتَّىٰ تَفِيءَ إِلَىٰ أَمْرِ اللَّهِ فَإِن فَاءَتْ فَأَصْلِحُوا بَيْنَهُمَا بِالْعَدْلِ وَأَقْسِطُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿الحجرات: ٩﴾ إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا بَيْنَ أَخَوَيْكُمْ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿الحجرات: ١٠﴾

"যদি মু'মিনদের দুই দল যুদ্ধে লিপ্ত হয়ে পড়ে; তবে তোমরা তাদের মধ্যে মীমাংসা করে দেবে। আর তাদের একদল যদি অপর দলের উপর চড়াও হয়; তবে তোমরা আক্রমণকারী দলের বিরুদ্ধে যুদ্ধ করবে, যে পর্যন্ত না তারা আল্লাহর নির্দেশের দিকে ফিরে আসে। যদি তারা ফিরে আসে; তবে তাদের মধ্যে ন্যায়সম্মত পন্থায় মীমাংসা করে দেবে এবং সুবিচার করবে। নিশ্চয়ই আল্লাহ সুবিচারকারীদেরকে ভালোবাসেন। মুমিনরা তো পরস্পর ভাই-ভাই।

অতএব, তোমরা তোমাদের দুই ভাইয়ের মধ্যে মীমাংসা করবে এবং আল্লাহকে ভয় করবে- যাতে তোমরা অনুগ্রহপ্রাপ্ত হও।" (সূরা হুজুরাত: ৯-১০)

পারস্পরিক যুদ্ধ-বিদ্রোহ থাকা সত্ত্বেও আল্লাহ তা'আলা তাদেরকে ভাই আখ্যা দিচ্ছেন এবং সংশোধন করার আদেশ দিচ্ছেন।

এ দু'টি প্রকারের পার্থক্য প্রত্যেক মু'মিনকে ভালোভাবে বুঝতে হবে। অনেকেই এ দু'টি প্রকারে একটিকে অন্যটির সাথে ঘুলিয়ে ফেলেন। আরও জানতে হবে যে, মু'মিন জুলুম-অত্যাচার করলেও তার সাথে বন্ধুত্ব আবশ্যক। আর কাফের দয়া-দাক্ষিণ্য করলেও তার সাথে শত্রুতা আবশ্যক। কারণ, আল্লাহ তা'আলা নবী-রাসূলদের প্রেরণ করেছেন এবং কিতাবসমূহ অবতীর্ণ করেছেন; যাতে দ্বীন পূর্ণাঙ্গভাবে আল্লাহর জন্য হয়ে যায়। অতএব, তাঁর বন্ধুদেরকে ভালোবাসতে হবে এবং তাঁর শত্রুদের সাথে শত্রুতা পোষণ করতে হবে। তাঁর বন্ধুদেরকে সম্মানিত করতে হবে এবং শত্রুদেরকে লাঞ্ছিত করতে হবে। তাঁর বন্ধুদেরকে পুরস্কৃত করতে হবে এবং শত্রুদেরকে শাস্তি দিতে হবে।

একই ব্যক্তির মাঝে যদি ভালো-মন্দ, আনুগত্য-অবাধ্যতা, সুন্নাত-বিদআতের সন্নিবেশ ঘটে, সে তার ভালো কাজের পরিমাণে বন্ধুত্ব ও পুরস্কারের অধিকারী হবে। আর মন্দ কাজের পরিমাণে শাস্তি ও শত্রুতা প্রাপ্ত হবে। সুতরাং একই ব্যক্তির মাঝে সম্মান ও অপমান দু'টোর কারণ পাওয়া যেতে পারে; ফলে তার পরিণামও দুই ধরনের হবে। যেমন, অসহায় চোরের হাত কাটা হবে চুরি করার অপরাধে এবং অসহায়ত্বের কারণে তাকে বায়তুল মাল থেকে

প্রয়োজন মতো ভরণ পোষণ দেওয়া হবে। এটি এমন এক নীতি, যার উপর আহলুস সুন্নাহর সমস্ত আলেম একমত।” (মাজমূউল ফাতাওয়া, ২৮/২০৭-২০৯ পৃ.)

চ. একটি সংশয়:

যদি বলা হয়, আল্লাহর বাণী:

لَّا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُم مِّن دِيَارِكُمْ أَن تَبَرُّوهُمْ وَتُقْسِطُوا إِلَيْهِمْ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ

﴿الممتحنة: ٨﴾

“দ্বীনের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি এবং তোমাদেরকে দেশ থেকে বহিষ্কৃত করেনি, তাদের প্রতি সদাচরণ ও ন্যায়বিচার করতে আল্লাহ তোমাদেরকে নিষেধ করেন না। নিশ্চয়ই আল্লাহ ন্যায়পরায়ণদেরকে ভালবাসেন।” (সূরা মুমতাহিনা: ০৮)

এই আয়াতের ব্যাখ্যা কী হবে? এটি কি কাফেরদের সাথে ভালোবাসা ও তাদের বন্ধুত্ব গ্রহণকে প্রমাণ করে না??

সংশয় নিরসন:

আরবি البر শব্দের অর্থ কল্যাণ পৌঁছানো। আর القسط শব্দের অর্থ ন্যায়পরায়ণতা। এ দু’টি সেই হারাম বন্ধুত্বের অন্তর্ভুক্ত নয়; যাতে রয়েছে ভালোবাসা ও অন্তরঙ্গতা, কথা-কাজে সাহায্য করা, বিশ্বাস-কর্মে অনুসরণ করা, গোপন বিষয়ে কাফেরদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করা এবং মুসলমানদের গোপন তথ্য তাদের কাছে ফাঁস করে দেওয়া থেকে নিষিদ্ধতা।

এ আয়াত সম্পর্কে ইমাম শাফেয়ী রহ. বলেন, আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

لَّا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُم مِّن دِيَارِكُمْ أَن تَبَرُّوهُمْ وَتُقْسِطُوا إِلَيْهِمْ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿الممتحنة: ٨﴾ إِنَّمَا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ قَاتَلُوكُمْ فِي الدِّينِ وَأَخْرَجُوكُم مِّن دِيَارِكُمْ وَظَاهَرُوا عَلَىٰ إِخْرَاجِكُمْ أَن تَوَلَّوْهُمْ وَمَن يَتَوَلَّهُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴿الممتحنة: ٩﴾

"ধর্মের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করেনি এবং তোমাদেরকে দেশ থেকে বহিস্কৃত করেনি, তাদের প্রতি সদাচরণ ও ইনসাফ করতে আল্লাহ তোমাদেরকে নিষেধ করেন না। নিশ্চয় আল্লাহ ইনসাফকারীদেরকে ভালবাসেন। আল্লাহ কেবল তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেন, যারা ধর্মের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেছে, তোমাদেরকে দেশ থেকে বহিস্কৃত করেছে এবং বহিস্কারকার্যে সহায়তা করেছে। যারা তাদের সাথে বন্ধুত্ব করে তারাই জালেম।" (সূরা মুমতাহিনা: ৮-৯)

বলা হয়ে থাকে, (আল্লাহই অধিক জ্ঞাত) কিছু মুসলমান মুশরিকদের সাথে সম্পর্ক রাখা থেকে বিরত থাকলেন। সম্ভবত, জিহাদ ফরয হওয়ার হুকুম নাযিল হওয়ার পর এমনটি হয়েছিল। তারা পরস্পরের মধ্যকার বন্ধুত্ব ছিন্ন করল। আরও অবতীর্ণ হলো-

لَّا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللَّهَ وَرَسُولَهُ وَلَوْ كَانُوا آبَاءَهُمْ أَوْ أَبْنَاءَهُمْ أَوْ إِخْوَانَهُمْ أَوْ عَشِيرَتَهُمْ أُولَٰئِكَ كَتَبَ فِي قُلُوبِهِمُ الْإِيمَانَ وَأَيَّدَهُم بِرُوحٍ مِّنْهُ وَيُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ أُولَٰئِكَ حِزْبُ اللَّهِ أَلَا إِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْمُفْلِحُونَ ﴿المجادلة: ٢٢﴾

"যাঁরা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে, তাঁদেরকে আপনি আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণকারীদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন না, যদিও তারা তাঁদের পিতা, পুত্র, ভ্রাতা অথবা জ্ঞাতি-গোষ্ঠী হয়। তাঁদের অন্তরে আল্লাহ ঈমানকে সুদৃঢ় করে দিয়েছেন এবং তাঁদেরকে তাঁর পক্ষ হতে রূহ দ্বারা শক্তিশালী করেছেন। তিনি তাঁদেরকে জান্নাতে দাখিল করাবেন, যার তলদেশে নদী প্রবাহিত। তাঁরা তথায় চিরকাল থাকবে। আল্লাহ তাঁদের প্রতি সন্তুষ্ট এবং তাঁরাও আল্লাহর প্রতি সন্তুষ্ট। তাঁরাই আল্লাহর দল। জেনে রেখ, আল্লাহর দলই সফলকাম হবে।" (সূরা মুজাদালা: ২২)

তাঁরা ভয় করলেন যে, অর্থনৈতিক সম্পর্কও বন্ধুত্বের মধ্যে পড়ে কিনা? তখন আল্লাহ অবতীর্ণ করলেন-

لَّا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُم مِّن دِيَارِكُمْ أَن تَبَرُّوهُمْ وَتُقْسِطُوا إِلَيْهِمْ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿الممتحنة: ٨﴾ إِنَّمَا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ قَاتَلُوكُمْ فِي الدِّينِ وَأَخْرَجُوكُم مِّن دِيَارِكُمْ وَظَاهَرُوا عَلَىٰ إِخْرَاجِكُمْ أَن تَوَلَّوْهُمْ وَمَن يَتَوَلَّهُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴿الممتحنة: ٩﴾

"ধর্মের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করেনি এবং তোমাদেরকে দেশ থেকে বহিস্কৃত করেনি, তাদের প্রতি সদাচরণ ও ইনসাফ করতে আল্লাহ তোমাদেরকে নিষেধ করেন না। নিশ্চয় আল্লাহ ইনসাফকারীদেরকে ভালবাসেন। আল্লাহ কেবল তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেন, যারা ধর্মের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেছে, তোমাদেরকে দেশ থেকে

বহিস্কৃত করেছে এবং বহিস্কারকার্যে সহায়তা করেছে। যারা তাদের সাথে বন্ধুত্ব করে তারাই জালেম।" (সূরা মুমতাহিনা: ৮-৯)

ইমাম শাফেয়ী রহ. বলেন, অর্থনৈতিক, মানবিক, ন্যায়সম্মত, ভদ্রতাপূর্ণ ও আল্লাহর হুকুম পৌঁছানোর সম্পর্ক কাফেরদের সাথে ছিল। তবে মুসলমানদের বিরুদ্ধাচরণ করার কারণে যাদের সাথে বন্ধুত্ব নিষিদ্ধ করা হয়েছে, তাদের সাথে সম্পর্কচ্ছেদ করা হয়েছিল। মুশরিকদের মধ্য থেকে যারা মুসলমানদের বিরুদ্ধাচরণ করে না, তাদের সাথে মানবিক ও ন্যায়নিষ্ঠ সম্পর্ক রাখার অনুমতি দেওয়া হয়েছে। যারা তাদের বিরুদ্ধাচরণ করে তাদের সাথেও এ মানবিক ও ন্যায়নিষ্ঠ সম্পর্ক হারাম করা হয়নি; বরং বলা হয়েছে, যারা মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করবে, তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করা হয়েছে। বন্ধুত্ব আর মানবিক- ন্যায়নিষ্ঠ সম্পর্ক এক নয়। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বদরের কিছু বন্দীকে মুক্তিপণ নেওয়া ব্যতীতই ছেড়ে দিয়েছেন। তাদের মাঝে একজন ছিল আবু ইজ্জাহ আল-জুমাহী। এ ব্যক্তি রাসূলের প্রতি শত্রুতা ও ঘৃণা ছড়ানোতে বেশ প্রসিদ্ধ ছিল। বদরের পরে আবার ছুমামা ইবনে উছালের প্রতি তিনি অনুগ্রহ করলেন। যিনি তাঁর শত্রুতার জন্য প্রসিদ্ধ ছিলেন। প্রথমে তাকে হত্যার হুকুম দেওয়া হয়েছিল। পরবর্তীতে গ্রেফতার হওয়ার পর অনুগ্রহ করে ছেড়ে দেওয়া হয়। তখন ছুমামা মুসলমান হয়ে যান। তিনি সরবরাহ পথে কুরাইশদের রসদ আটকে দিলেন। কুরাইশগণ রসদ ছাড়াতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর অনুমতি প্রার্থনা করল। তিনি অনুমতি দিলেন এবং তারা নিরাপদে রসদ নিয়ে গেল।

আল্লাহ তা'আলা আরো ইরশাদ করেছেন-

وَيُطْعِمُونَ الطَّعَامَ عَلَىٰ حُبِّهِ مِسْكِينًا وَيَتِيمًا وَأَسِيرًا ﴿الانسان: ٨﴾

“তারা আল্লাহর ভালোবাসায় অভাবগ্রস্ত, ইয়াতীম ও বন্দীকে আহার্য দান করে।” (সূরা দাহর: ০৮)

সূত্র: ইমাম শাফেয়ী রহ. প্রণিত আহকামুল কুরআন, ২/১৯১-১৯৪)

আল্লামা ইবনুল কাইয়্যিম রহ. স্পষ্টভাবে বলেছেন, দরিদ্র জিম্মিদেরকে ওয়াকফ ও নফল সাদাকাহ দেওয়া বৈধ। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

لَّا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُم مِّن دِيَارِكُمْ أَن تَبَرُّوهُمْ وَتُقْسِطُوا إِلَيْهِمْ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ ﴿الممتحنة: ٨﴾ إِنَّمَا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ قَاتَلُوكُمْ فِي الدِّينِ وَأَخْرَجُوكُم مِّن دِيَارِكُمْ وَظَاهَرُوا عَلَىٰ إِخْرَاجِكُمْ أَن تَوَلَّوْهُمْ وَمَن يَتَوَلَّهُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ ﴿الممتحنة: ٩﴾

“ধর্মের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করেনি এবং তোমাদেরকে দেশ থেকে বহিস্কৃত করেনি, তাদের প্রতি সদাচরণ ও ইনসাফ করতে আল্লাহ তোমাদেরকে নিষেধ করেন না। নিশ্চয় আল্লাহ ইনসাফকারীদেরকে ভালবাসেন। আল্লাহ কেবল তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেন, যারা ধর্মের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেছে, তোমাদেরকে দেশ থেকে বহিস্কৃত করেছে এবং বহিস্কারকার্যে সহায়তা করেছে। যারা তাদের সাথে বন্ধুত্ব করে তারাই জালেম।” (সূরা মুমতাহিনা: ৮-৯)

আল্লাহ তা'আলা যখন সূরার প্রথমাংশে কাফেরদের সাথে বন্ধুত্ব এবং অন্তরঙ্গ সম্পর্ক করা থেকে মুসলমানদেরকে নিষেধ করেছেন; ফলে তাদের মধ্যকার ভালোবাসা ছিন্ন হয়ে গেল। অনেকেই মনে করেছেন যে, তাদের সাথে মানবিক আচরণ করা এবং অনুগ্রহ করাও বন্ধুত্ব ও ভালোবাসার অন্তর্ভুক্ত। তখন আল্লাহ তা'আলা বলেন, এটি নিষিদ্ধ বন্ধুত্বের মধ্যে পড়ে না। এটি থেকে নিষেধও করা হয়নি; বরং এটি ভালো কাজ, যা আল্লাহ ভালোবাসেন এবং যার প্রতি আল্লাহ সন্তুষ্ট হোন। তার জন্য নেকী লেখেন। আর তাদের সাথে হৃদ্যতা ও অন্তরঙ্গতাকে নিষেধ করা হয়েছে।" (আহকামু আহলিজ-জিম্মাহ, ১/৬০২)

এ আয়াতের ব্যাখ্যায় আল্লামা ইবনে কাসীর রহ. বলেন, আল্লাহর বাণী-

لَّا يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَلَمْ يُخْرِجُوكُم مِّن دِيَارِكُمْ

"ধর্মের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করেনি এবং তোমাদেরকে দেশ থেকে বহিস্কৃত করেনি" অর্থাৎ যেসব কাফের দ্বীনের ব্যাপারে তোমাদের সাথে যুদ্ধ করছে না। وَلَمْ يُظَاهِرُوا এবং যারা তোমাদের বিরুদ্ধে সাহায্য করেনি অর্থাৎ তোমাদেরকে দেশান্তর করতে সাহায্য করেনি। যেমন তাদের মহিলা ও অসহায়রা। أَن تَبَرُّوهُمْ তাদের প্রতি সদাচরণ করা অর্থাৎ তাদের প্রতি সদয় আচরণে নিষেধ নেই। وَتُقْسِطُوا إِلَيْهِمْ ইনসাফ করা অর্থাৎ তাদের প্রতি ন্যায়বান হতে নিষেধ নেই। নিশ্চয়ই আল্লাহ ন্যায়বানদেরকে ভালোবাসেন।

ইমাম আহমাদ রহ. (মুসনাদে আহমাদ, হাদীস নং- ৬৩৪৫) বলেন, হিশাম বিন উরওয়া ফাতেমা বিনতুল মুনজির থেকে, তিনি আসমা বিনতে আবি বকর রাযি. থেকে বর্ণনা করেন, "কুরাইশদের সাথে যখন চুক্তি হয়, তখন আমার মুশরিক মা আমার কাছে এলেন। আমি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে গিয়ে বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমার মা এসেছেন আর তিনি ইসলামের প্রতি বিরাগভাজন। আমি কি তার সাথে সম্পর্ক রাখব? তিনি বললেন- হ্যাঁ, তোমার মায়ের সাথে সম্পর্ক বজায় রাখ।" (সহীহ বুখারী, হাদীস নং- ৫২১৯, সহীহ মুসলিম, হাদীস নং- ২১৩০)

সূত্র: তাফসীরে ইবনে কাসীর, ৪/৩৫১-৩৫২ পৃ.)

০৩. তাদেরকে ঘনিষ্ঠ বানানো এবং মুসলমানদের গোপন তথ্য ফাঁস করা থেকে নিষেধাজ্ঞা:

মহান আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِّن دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ إِن كُنتُمْ تَعْقِلُونَ ﴿آل عمران: ١١٨﴾

"হে মু'মিনগণ! তোমরা নিজেদের ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গরূপে গ্রহণ করো না। তারা তোমাদের অমঙ্গল সাধনে কোনো ত্রুটি করে না; তোমরা কষ্টে থাক, তাতেই তাদের আনন্দ। শত্রুতাপ্রসূত বিদ্বেষ তাদের মুখ থেকেই প্রকাশিত হয়। আর যা কিছু তাদের মনে লুকিয়ে

রয়েছে, তা আরও অনেক বেশি জঘন্য। তোমাদের জন্য নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করে দেওয়া হলো, যদি তোমরা তা অনুধাবন করতে সমর্থ হও।” (সূরা আলে-ইমরান: ১১৮)

আল্লামা কুরতুবী রহ. বলেন, البطانة শব্দটি মাসদার। একবচন ও বহুবচন দু'টোর জন্য ব্যবহৃত হয়। অর্থ হলো, মানুষের এমন সব ঘনিষ্ঠজন; যারা তার কথা গোপন রাখে। আল্লাহ তা'আলা এ আয়াতে কাফের, ইয়াহুদী ও প্রবৃত্তিপূজারিদেরকে এমন অন্তরঙ্গ বন্ধু ও অনুপ্রবেশকারী বানানো থেকে নিষেধ করেছেন, যাদেরকে পরামর্শে শরীক করা হয়, নিজেদের ধন-সম্পদ তাদের নিকট গচ্ছিত রাখা হয়। বলা হয়, যে ব্যক্তি তোমার দ্বীন ও নীতিবিরোধী তার সাথে কোনো কথা ভাগাভাগি করতে নেই। কবি বলেন-

عن المرء لاتسأل وسل عن قرينه   فكل قرين بالمقارن يقتدى

‘ব্যক্তি সম্পর্কে নয়; বরং তার বন্ধু সম্পর্কে শোধাও।

প্রত্যেক বন্ধু তার বন্ধুরই অনুগামী হয়।’

সুনানে আবু দাউদে আবু হুরাইরা রাযি. থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন-

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْمَرْءُ عَلَى دِينِ خَلِيلِهِ فَلْيَنْظُرْ أَحَدُكُمْ مَنْ يُخَالِلْ.

“মানুষ তার বন্ধুর নীতির উপর থাকে। সুতরাং দেখ, সে কার সাথে বন্ধুত্ব করছে।” (সুনানে আবু দাউদ, হাদীস নং-৪৮৩৫)

ইবনে মাসউদ রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন- اعْتَبِرُوا النَّاسَ بِإِخْوَانِهِمْ "মানুষকে তার বন্ধু দেখে মাপ।" এরপরে তাদের সাথে সম্পর্কচ্ছেদ করতে বলার কারণ আল্লাহ তা'আলা এভাবে বর্ণনা করছেন, لَا يَأْلُونَكُمْ خَبَالًا "তারা তোমাদের অমঙ্গল সাধনে কোনো ত্রুটি করবে না।" অর্থাৎ তোমাদেরকে ফাসাদে না ফেলে ছাড়বে না। তারা বাহ্যত যদিও তোমাদের সাথে যুদ্ধ না করে, তোমাদেরকে ধোঁকা-প্রতারণায় ফেলতে চেষ্টার কমতি করবে না। وَدُّوا مَا عَنِتُّمْ তোমরা কষ্টে থাক; তাতেই তাদের আনন্দ। এটি মাসদারিয়্যাহ। অর্থাৎ, তারা তোমাদের কষ্ট চায়। যা তোমাদের কষ্ট দেয়। আর العنت অর্থ কষ্ট।" (তাফসীরে কুরতুবী, ৪/১৭৮-১৮১)

০৪. গুরুত্বপূর্ণ পদে কাফেরদেরকে বসানো থেকে নিষেধাজ্ঞা:

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন-

فروى الإمام أحمد بإسناد صحيح عن أبي موسى الأشعري ﷺ قال: قلت لعمر ﷺ: إن لي كاتبا نصرانياً ، قال: "مالك قاتلك الله، أما سمعت الله يقول: { يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ} ألا اتخذت حنيفاً" قال: قلت يا أمير المؤمنين لي كتابته وله دينه، قال: "لا أكرمهم إذ أهانهم الله، ولا أعزهم إذ أذلهم الله، ولا أدنيهم إذ أقصاهم الله"

'ইমাম আহমাদ রহ. বিশুদ্ধ সূত্রে বর্ণনা করেন, আবু মুসা আশআরী রাযি. বলেন, "আমি উমর রাযি.কে বললাম, আমার একজন খ্রিস্টান কেরাণী আছে। উমর রাযি. বললেন, আল্লাহ তোমাকে নিশ্চিহ্ন করে দিন। কেন? আল্লাহ তা'আলা কি কুরআন মাজীদে বলেননি?-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصارٰى أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ

“হে মু’মিনগণ, তোমরা ইয়াহুদী-খ্রিস্টানকে বন্ধুরূপে গ্রহণ করবে না। তারা পরস্পর বন্ধু।” তবুও তুমি কি তাকে বন্ধু বানিয়েছ? আমি বললাম, আমীরুল মুমিনীন! তার লেখালেখি আমার জন্য আর তার ধর্ম তার জন্য। তিনি বললেন, আল্লাহ যখন তাদেরকে অপমানিত করেছেন, আমি তাদেরকে সম্মান দেব না। আল্লাহ যখন তাদেরকে লাঞ্ছিত করেছেন, আমি তাদেরকে মর্যাদা দেব না। আল্লাহ যখন তাদেরকে দূরে সরিয়ে দিচ্ছেন, আমি তাদেরকে কাছে টানব না।” (ইকতিজাউস সিরাতিল মুস্তাকীম, ১/৫০)

ইমাম কুরতুবী রহ. বলেন-

وعن عمر ﷺ قال: "لا تستعملوا أهل الكتاب فإنهم يستحلون الرشا، واستعينوا على أموركم وعلى رعيتكم بالذين يخشون الله تعالى" ، وقيل لعمر ﷺ: إن ههنا رجلا من نصارى الحيرة لا أحد أكتب منه ولا أخط بقلم، أفلا يكتب عنك؟ فقال: "لا آخذ بطانة من دون المؤمنين". فلا يجوز استكتاب أهل الذمة ولا غير ذلك من تصرفاتهم في البيع والشراء والاستنابة إليهم.

قلت: وقد انقلبت الأحوال في هذه الأزمان باتخاذ أهل الكتاب كتبة وأمناء، وتسودوا بذلك عند الجهلة الأغبياء من الولاة والأمراء.

“উমর রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, কোনো আহলে কিতাবকে (ইয়াহুদী-নাসারা) সরকারি পদে বসাবে না। কারণ, তারা ঘুষকে বৈধ মনে করে। তোমরা তাদেরকে নিজেদের এবং জনকল্যাণমুখী কাজে বসাও, যারা আল্লাহকে ভয় করে। উমর রাযি.কে বলা হলো, এখানে

হীরার জনৈক খ্রিস্টান আছে। সে লেখালেখি ও কলম চালনায় বেশ পারঙ্গম। সে কি আপনার লেখার কাজ করতে পারে না? তিনি বললেন, আমি কোনো অমুসলিমকে অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করব না। সুতরাং জিম্মিকে কেরাণী পদে নিয়োগ দেওয়া কিংবা ব্যবসায়ের পরিচালক ও অফিসার পদে নিয়োগ দেওয়া জায়েয নেই।

আমি বলি, এ যুগে অবস্থার পরিবর্তন এসেছে। আহলে কিতাবকে রেজিস্টার ও আমানতদার বানানো হচ্ছে। এ কারণে একদল মূর্খ গবেটের নিকট তারা নেতৃত্বদানকারী ও অভিভাবকে পরিণত হচ্ছে।” (তাফসীরে কুরতুবী, ৪/১৭৯)

ইবনে তাইমিয়া রহ. বলেন, জিম্মিকে প্রশাসনিক বা রেজিস্টারি দায়িত্বে রাখা যাবে না। কারণ, তাতে সমস্যা হতে পারে অথবা সমস্যার পথ তরান্বিত হতে পারে। আবু তালিবের একটি বর্ণনায় জানা যায়, ইমাম আহমাদ রহ. কে প্রশ্ন করা হয়েছিল, খারাজ উসুল করার দায়িত্বে কি বসানো যাবে? তিনি বললেন, না। কোনো ব্যাপারেই তাদের মদদ নেওয়া হবে না। তাদের কেউ যদি কোনো মন্ত্রণালয়ের দায়িত্ব পায়, তার চুক্তি কি ভেঙে যাবে? যার কর্মকাণ্ডে মুসলমানরা কষ্ট পায় বা যে কোনো ধরনের দুর্নীতি করে তাকে দায়িত্ব দেওয়া জায়েয নেই। তাহলে অন্যদেরকে তো আরও অধিকভাবে দায়িত্ব দেওয়া জায়েয হবে না। কারণ, আবু বকর রাযি. অঙ্গীকার করেছিলেন যে, তিনি কোনো মুরতাদকে সরকারি পদে নিয়োগ দেবেন না; যদিও তারা ইসলামে ফিরে আসুক। কারণ, তাদের দ্বীনদারী নিয়ে আশঙ্কা

আছে।” (আল-ফাতাওয়া আল-কুবরা, আল-ইখতিয়ারাতুল ইলমিয়্যাহ, কিতাবুল জিহাদ, ৪/৬০৭)

০৫. কাফেরদের নিদর্শন ও কুসংস্কারসমূহকে সম্মান জানানো, কাফের-মুরতাদদের সাথে তাদের ভ্রষ্টতায় একমত পোষণ করা এবং সেগুলোর প্রশংসা ও গুণকীর্তন করার ব্যাপারে নিষেধাজ্ঞা:

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন-

فصل فى الولاية والعداوة؛ فإن المؤمنين أولياء الله، وبعضهم أولياء بعض، والكفار أعداء الله وأعداء المؤمنين، وقد أوجب الموالاة بين المؤمنين وبين أن ذلك من لوازم الإيمان، ونهى عن موالاة الكفار، وبين أن ذلك منتف فى حق المؤمنين وبين حال المنافقين فى موالاة الكافرين.

وقال: (إن الذين ارتدوا على أدبارهم من بعد ما تبين لهم الهدى الشيطان سول لهم وأملى لهم، ذلك بأنهم قالوا للذين كرهوا ما نزل الله سنطيعكم فى بعض الأمر والله يعلم إسرارهم)، وتبين أن موالاة الكفار كانت سبب ارتدادهم على أدبارهم.

ولهذا ذكر فى سورة المائدة أئمة المرتدين عقب النهى عن موالاة الكفار؛ قوله : {ومن يتولهم منكم فإنه منهم} ، وقال : {يا أيها الرسول لا يحزنك الذين يسارعون فى الكفر من الذين قالوا آمنا بأفواههم ولم تؤمن قلوبهم ومن الذين هادوا سماعون للكذب سماعون لقوم آخرين لم يأتوك يحرفون الكلم من بعد مواضعه يقولون إن أوتيتم هذا فخذوه وإن لم تؤتوه

فاحذروا}، فذكر المنافقين والكفار المهادنين، وأخبر أنهم يسمعون لقوم آخرين لم يأتوك وهو استماع المنافقين والكفار المهادنين للكفار المعلنين الذين لم يهادنوا.

كما أن فى المؤمنين من قد يكون سماعاً للمنافقين، كما قال: {وفيكم سماعون لهم}، وبعض الناس يظن أن المعنى سماعون لأجلهم بمنزلة الجاسوس أى يسمعون ما يقول وينقلونه اليهم.

وإنما المعنى فيكم من يسمع لهم أى يستجيب لهم ويتبعهم، كما فى قوله سمع الله لمن حمده استجاب الله لمن حمده أى قبل منه، يقال فلان يسمع لفلان أى يستجيب له ويطيعه.

فمن كان من الأمة موالياً للكفار من المشركين أو أهل الكتاب ببعض أنواع الموالاة ونحوها –مثل إتيانه أهل الباطل واتباعهم فى شئ من مقالهم وفعالهم الباطل– كان له من الذم والعقاب والنفاق بحسب ذلك.

والله تعالى يحب تمييز الخبيث من الطيب والحق من الباطل، فيعرف أن هؤلاء الأصناف منافقون أو فيهم نفاق، وإن كانوا مع المسلمين، فإن كون الرجل مسلماً فى الظاهر لا يمنع أن يكون منافقاً فى الباطن.

فإن المنافقين كلهم مسلمون فى الظاهر، والقرآن قد بين صفاتهم وأحكامهم، واذا كانوا موجودين على عهد رسول الله – ﷺ– وفى عزة الاسلام مع ظهور أعلام النبوة ونور الرسالة، فهم مع بعدهم عنهما أشد وجوداً، لاسيما وسبب النفاق هو سبب الكفر وهو المعارض لما جاءت به الرسل.

"বন্ধুত্ব ও শত্রুতা অধ্যায়: মু'মিনগণ আল্লাহর বন্ধু। তারা পরস্পরের বন্ধু। আর কাফেররা আল্লাহরও শত্রু, মু'মিনদেরও শত্রু। মু'মিনদের মাঝে পারস্পরিক বন্ধুত্ব আবশ্যক। এটি ঈমানের আবশ্যকীয় শর্ত। কাফেরদের সাথে বন্ধুত্ব নিষিদ্ধ। মু'মিনদের মাঝে এটি পাওয়া যাবে না। অন্যদিকে, মুনাফিকদের প্রকৃত অবস্থাই হলো কাফেরদের সাথে বন্ধুত্ব।

আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

إِنَّ الَّذِينَ ارْتَدُّوا عَلَىٰ أَدْبَارِهِم مِّن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَى الشَّيْطَانُ سَوَّلَ لَهُمْ وَأَمْلَىٰ لَهُمْ ﴿محمد: ٢٥﴾ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللَّهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ وَاللَّهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ ﴿محمد: ٢٦﴾

"নিশ্চয়ই যারা তাদের নিকট সৎপথ ব্যক্ত হওয়ার পর তা থেকে পৃষ্ঠপ্রদর্শন করে, শয়তান তাদের কাজকে সুন্দর করে দেখায় এবং তাদেরকে মিথ্যা আশা দেয়। এটা এজন্য যে, যারা আল্লাহর অবতীর্ণ কিতাব অপছন্দ করে; তারা তাদেরকে বলে, আমরা কোনো কোনো ব্যাপারে তোমাদের কথা মান্য করব। আল্লাহ তাদের গোপন অভিসন্ধি অবগত আছেন।"

(সূরা মুহাম্মাদ: ২৫-২৬)

এ আয়াতে আল্লাহ তা'আলা স্পষ্টভাবে বলেছেন, কাফেরদের সাথে বন্ধুত্ব করা তাদের পৃষ্ঠপ্রদর্শন করে মুরতাদ হওয়ার কারণ ছিল।

তাই সূরা মায়েদায় কাফেরদের সাথে বন্ধুত্বে নিষেধাজ্ঞার পর মুরতাদ সর্দারদের আলোচনা করা হয়েছে। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ ﴿المائدة: ٥١﴾

"তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত।"(সূরা মায়িদা: ৫১)

তিনি আরো ইরশাদ করেছেন-

يَا أَيُّهَا الرَّسُولُ لَا يَحْزُنكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ مِنَ الَّذِينَ قَالُوا آمَنَّا بِأَفْوَاهِهِمْ وَلَمْ تُؤْمِن قُلُوبُهُمْ وَمِنَ الَّذِينَ هَادُوا سَمَّاعُونَ لِلْكَذِبِ سَمَّاعُونَ لِقَوْمٍ آخَرِينَ لَمْ يَأْتُوكَ يُحَرِّفُونَ الْكَلِمَ مِن بَعْدِ مَوَاضِعِهِ يَقُولُونَ إِنْ أُوتِيتُمْ هَٰذَا فَخُذُوهُ وَإِن لَّمْ تُؤْتَوْهُ فَاحْذَرُوا ... ﴿المائدة: ٤١﴾

"হে রাসূল! তাদের জন্য দুঃখ করবেন না, যারা দৌড়ে গিয়ে কুফরে পতিত হয়; যারা মুখে বলে, আমরা মু'মিন; অথচ তারা অন্তরে ঈমান আনেনি এবং যারা ইয়াহুদী, মিথ্যা বলার জন্য তারা গুপ্তচরবৃত্তি করে। তারা অন্য দলের গুপ্তচর, যারা আপনার কাছে আসেনি। তারা বাক্যকে স্বস্থান থেকে পরিবর্তন করে। তারা বলে, যদি তোমরা এ নির্দেশ পাও; তবে কবুল করে নিও এবং যদি এ নির্দেশ না পাও, তবে বিরত থেকো।"(সূরা মায়িদা: ৪১)

এরপর মুনাফিক ও চুক্তিবদ্ধ কাফেরদের আলোচনা করা হয়েছে। বলা হয়েছে, তারা অন্যদের কথা শোনে। আপনার কাছে আসে না। অর্থাৎ, মুনাফিক ও চুক্তিবদ্ধ কাফেররা চুক্তির বাহিরে গিয়ে প্রকাশ্য কাফেরদের কথা মান্য করে।

যেমন, মু'মিনদের মধ্যে অনেকেই মাঝে মধ্যে মুনাফিকদের কথা শোনে। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

وَفِيكُمْ سَمَّاعُونَ لَهُمْ ﴿التوبة: ٤٧﴾

"আর তোমাদের মাঝে রয়েছে তাদের অনুগতরা।" (সূরা তাওবা: ৪৭)

অনেকে মনে করেন, এখানে سَمَّاعُونَ অর্থ গুপ্তচর। যে শোনে এবং তাদের কাছে বলে দেয়।

বরং সঠিক অর্থ হলো, তোমাদের মাঝে তাদের কথা শ্রবণকারী আছে। অর্থাৎ, তাদের ডাকে সাড়া দেয় এবং আনুগত্য করে। যেমন, سمع الله لمن حمده বাক্যে سمع শব্দের অর্থ সাড়াপ্রদান। যে আল্লাহর প্রশংসা করে আল্লাহ তার ডাকে সাড়া দেন। অর্থাৎ তার দুআ কবুল করেন।

আরবিতে বলা হয়, فلان يسمع لفلان أى يستجيب له ويطيعه অর্থাৎ, অমুক অমুকের কথা শোনে। তথা তার ডাকে সাড়া দেয় এবং আনুগত্য করে।

সুতরাং মুসলমানদের কেউ যদি কাফের-মুশরিকদের বন্ধু হয়, বন্ধুত্বের ধরন যা-ই হোক না কেন, (যেমন বাতিলের কাছে আসা এবং তাদের বাতিল কথাবার্তা ও কর্মকাণ্ডে আনুগত্য করা) সে সে-মতে শাস্তি, তিরস্কার ও মুনাফেকীর অধিকারী হবে।

আল্লাহ তা'আলা ভালোকে মন্দ থেকে পৃথক করতে চান, হক্ককে বাতিল থেকে পৃথক করতে চান। যদিও এসব লোক মুসলমানদের সাথে থাকুক, এরা মুনাফিক হিসেবে চিহ্নিত হবে অথবা বুঝা যাবে তাদের মাঝে নিফাক রয়েছে। কারণ, কেউ বাহিরে মুসলমান হলেও অভ্যন্তরীণভাবে মুনাফিক হতে কোনো বাধা নেই।

কারণ, সমস্ত মুনাফিকই বাহ্যত মুসলমান হয়ে থাকে। কুরআন মাজীদ তাদের বৈশিষ্ট্য ও বিধান বলে দিয়েছে। যদি রাসূলের যুগে, নবুওয়াতের নিদর্শনাদি এবং রিসালাতের আলো প্রকাশিত হয়ে যাওয়া সত্ত্বেও ইসলামের বিজয়ের সময়ে মুনাফিক থাকতে পারে, এর পরের যুগে তো এদের অস্তিত্ব আরও বাড়বে। বিশেষত, নিফাকের যে কারণ কুফরের একই কারণ।

তা হলো, রাসূলগণ যা এনেছেন তার বিরোধিতা করা।” (মাজমূউল ফাতাওয়া, ২৮/১৯০-২০২ পৃ.)

০৬. মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করার ব্যাপারে নিষেধাজ্ঞা:

আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿المائدة: ٥١﴾ فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَىٰ أَن تُصِيبَنَا دَائِرَةٌ فَعَسَى اللَّهُ أَن يَأْتِيَ بِالْفَتْحِ أَوْ أَمْرٍ مِّنْ عِندِهِ فَيُصْبِحُوا عَلَىٰ مَا أَسَرُّوا فِي أَنفُسِهِمْ نَادِمِينَ ﴿المائدة: ٥٢﴾ وَيَقُولُ الَّذِينَ آمَنُوا أَهَٰؤُلَاءِ الَّذِينَ أَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ إِنَّهُمْ لَمَعَكُمْ حَبِطَتْ أَعْمَالُهُمْ فَأَصْبَحُوا خَاسِرِينَ ﴿المائدة: ٥٣﴾

“হে মু'মিনগণ! তোমরা ইয়াহুদী ও খ্রিস্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করবে; সে তাদেরই অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আল্লাহ জালিমদেরকে পথপ্রদর্শন করেন না। বস্তুত যাদের অন্তরে রোগ রয়েছে, আপনি তাদেরকে দেখবেন, দৌড়ে গিয়ে তাদেরই মধ্যে প্রবেশ করে। তারা বলে, আমরা আশঙ্কা করি, পাছে না আমরা কোনো দুর্ঘটনায় পতিত হই। অতএব, সেদিন দূরে নয়, যেদিন আল্লাহ তা'আলা বিজয় দান করবেন অথবা নিজের পক্ষ থেকে কোনো নির্দেশ দেবেন; ফলে তারা স্বীয় গোপন মনোভাবের জন্য অনুতপ্ত হবে। মু'মিনগণ বলবে, এরাই কি সে সব

লোক, যারা আল্লাহর নামে দৃঢ় প্রতিজ্ঞা করত যে, আমরা তোমাদের সাথেই আছি? তাদের কৃতকর্মসমূহ নষ্ট হয়ে গেছে; ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়ে আছে।” (সূরা মায়িদা: ৫১-৫৩)

এ আয়াতের শানে নুযুলের ব্যাপারে ইমাম ত্ববারী রহ. বলেন-

والصواب من القول في ذلك عندنا أن يقال إن الله –تعالى ذكره– نهى المؤمنين جميعاً أن يتخذوا اليهود والنصارى أنصاراً وحلفاءً على أهل الإيمان بالله ورسوله، وأخبر أنه من اتخذهم نصيراً وحليفاً ووليًاً من دون الله ورسوله والمؤمنين فإنه منهم في التحزب على الله وعلى رسوله والمؤمنين، وأن الله ورسوله منه بريئان.

“আমাদের মতে, এ ব্যাপারে সঠিক কথা হলো, নিশ্চয়ই আল্লাহ তা‘আলা সমস্ত মু’মিনকে নিষেধ করেছেন, তারা যেন আল্লাহ এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আনয়নকারীদের বিরুদ্ধে গিয়ে ইয়াহুদী-নাসারাদেরকে সাহায্যকারী ও মিত্র না বানায়। তিনি আরও বলেছেন, যে ব্যক্তি আল্লাহ, রাসূল ও মু’মিনদেরকে বাদ দিয়ে তাদেরকে মিত্র ও সাহায্যকারী বানাবে; সে আল্লাহ, রাসূল ও মু’মিনদের বিরোধী শিবিরের লোক। আর আল্লাহ ও রাসূল তার থেকে মুক্ত।” (তাফসীরে ত্ববারী, ৬/২৮৬)

ইবনে তাইমিয়া রহ. তাতারদের ব্যাপারে বলেন, যে সব সামরিক ব্যক্তিবর্গ তাদের সাথে যোগ দেবে, তারা তাদেরই বিধানের অন্তর্ভুক্ত হবে। ইসলামী শরীয়াহ থেকে যতটুকু তারা ফিরে গেছে, এর মাধ্যমেই তাদের মাঝে ইসলামী শরীয়াহ থেকে রিদ্দাহ সাব্যস্ত হয়েছে। সালাফগণ যদি যাকাত অস্বীকারকারীদেরকে মুরতাদ ঘোষণা করতে পারেন; অথচ তারা রোজা রাখত, নামাজ পড়ত, মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধও করত না। তো যারা আল্লাহ ও তাঁর রাসূলের

শত্রুদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে মুসলমানদেরকে হত্যা করে তাদেরকে কী বলা হবে???

(আল-ফাতাওয়া আল-কুবরা, ৪/৩৩২)

ইবনে হাযম রহ. বলেন,

وقد علمنا أن من خرج عن دار الإسلام إلى دار الحرب فقد أبق عن الله تعالى وعن إمام المسلمين وجماعتهم، ويبين هذا حديثه ﷺ أنه: "أَنَا بريء من كل مسلم يقيم بين أظهر المشركين"، وهو عليه السلام لا يبرأ إلا من كافر، قال الله تعالى: {والمؤمنون والمؤمنات بعضهم أولياء بعض}

'আমরা জানি- যে ব্যক্তি দারুল ইসলাম ত্যাগ করে দারুল কুফরে চলে গেল, সে আল্লাহ তা'আলা, মুসলমানদের আমীর ও তাদের জামাআত থেকে পালিয়ে গেল। এ হুকুমটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী থেকে প্রমাণিত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন-

أَنَا بَرِيءٌ مِنْ كُلِّ مُسْلِمٍ يُقِيمُ بَيْنَ أَظْهُرِ الْمُشْرِكِينَ.

"প্রত্যেক ঐ মুসলমান থেকে আমি মুক্ত-পবিত্র, যে মুশরিকদের সাথে বসবাস করে।" আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখনো কাফের ছাড়া অন্য কারো ব্যাপারে দায়িত্ব মুক্ত নন। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

وَالْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَاتُ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ... ﴿التوبة: ٧١﴾

"মু'মিন নর-নারীগণ একে অপরের বন্ধু।' (সূরা তাওবা: ৭১)

আবু মুহাম্মাদ রহ. বলেন-

فصح بهذا أن من لحق بدار الكفر والحرب مختاراً محارباً لمن يليه من المسلمين فهو بهذا الفعل مرتد، له أحكام المرتد كلها من وجوب القتل عليه متى قدر عليه ومن إباحة ماله وانفساخ نكاحه وغير ذلك، لأن رسول الله ﷺ لم يبرأ من مسلم.

وكذلك من سكن بأرض الهند والسند والصين والترك والسودان والروم من المسلمين، فإن كان لا يقدر على الخروج من هنالك لثقل ظهر أو لقلة مال أو لضعف جسم أو لامتناع طريق فهو معذور، فإن كان هناك محارباً للمسلمين معيناً للكفار بخدمة أو كتابة فهو كافر.

ولو أن كافراً مجاهداً غلب على دار من دور الإسلام، وأقر المسلمين بها على حالهم، إلا أنه هو المالك لها المنفرد بنفسه في ضبطها وهو معلن بدين غير دين الإسلام لكفربالبقاء معه كل من عاونه وأقام معه وإن ادعى أنه مسلم لما ذكرنا.

“সুতরাং এ কথা প্রমাণিত যে, যে ব্যক্তি নিকটবর্তী মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করতে স্বেচ্ছায় দারুল কুফরে যোদ্ধা হিসেবে চলে যায়, সে তার এই অপরাধের কারণে মুরতাদ হয়ে যায়। তার উপর মুরতাদের সব হুকুম প্রযোজ্য হবে। যেমন, গ্রেফতার করতে সক্ষম হলে তাকে হত্যা করা, তার সম্পদ বাজেয়াপ্ত করা, বিয়ে ভেঙে যাওয়া ইত্যাদি। কারণ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোনো মুসলমান থেকে দায়িত্ব মুক্তির ঘোষণা করেননি।

তেমনি যেসব মুসলমান ভারত, শ্রীলঙ্কা, চীন, তুরস্ক, সুদান, ইতালি ইত্যাদি রাষ্ট্রে বসবাস করে, সে যদি বৃদ্ধ হওয়া বা দরিদ্র হওয়া বা অসুস্থতা বা দেশত্যাগে নিষেধাজ্ঞা ইত্যাদি কারণে চলে আসতে সক্ষম না হয়, তাকে মাযুর বা অক্ষম হিসেবে গণ্য করা হবে। সে যদি

সেখানে কাফেরদেরকে খেদমত, লেখালেখি ইত্যাদির মাধ্যমে মদদ দিয়ে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করে, সেও কাফের বলে গণ্য হবে।

কোনো প্রকাশ্য কাফের যদি দারুল ইসলামের কোনো এলাকা দখল করে নেয় এবং মুসলমানদেরকে তাদের আপন অবস্থায় বহাল রাখে, সে উক্ত এলাকার একচ্ছত্র অধিপতি বনে বসে এবং নিজেকে অমুসলিম হিসেবে ঘোষণা করে; তাহলে তাতে অবস্থানকারী যারাই তাকে সাহায্য করবে এবং তার সাথে থাকবে, সে কাফের হিসেবে গণ্য হবে; যদিও সে নিজকে মুসলমান দাবি করুক।" (আল-মুহাল্লাহ, ১১/১৯৯-২০০ পৃ.)

(মূল আরবিতে "كافراً مجاهداً" বলা হয়েছে। সম্ভবত লেখা বিকৃত হয়ে গেছে বা মুদ্রণ প্রমাদ ঘটেছে, আল্লাহু আলাম। এখানে "كافراً مجاهراً" ই শুদ্ধ।)

এবার চিন্তা করুন, ইরাকী মুসলমানদেরকে মারার জন্য আমেরিকা ও তার মিত্রদের জঙ্গীবিমান ও সামরিক বাহিনী মধ্যপ্রাচ্য দিয়ে চলাচল করে। এমনটা যদি ইমাম ত্ববারী, ইবনে হাযম ও ইবনে তাইমিয়া রহ. প্রত্যক্ষ করতেন; তবে তাঁরা এ ব্যাপারে কী ফতোয়া দিতেন?

তাঁরা যদি আমেরিকার সে সব জঙ্গীবিমান দেখতেন, যেগুলো আফগানিস্তানের মুসলমানদেরকে হত্যা করার জন্য পাকিস্তান থেকে উড়ে যায়; তবে তাঁরা কী ফতোয়া জারি করতেন?

তাঁরা যদি পশ্চিমা সে সব জাহাজ, রণতরী ও জঙ্গীবিমান দেখতেন, যা ইসরাইলকে নিরাপত্তা দিতে, জাযিরাতুল আরবে জবরদখল করতে এবং ইরাক অবরোধ করতে মধ্যপ্রাচ্য, ইয়েমেন ও মিশর হয়ে জ্বালানী, রসদ ও খনিজ লুট করে, এ ব্যাপারে তারা কী ফতোয়া দিতেন?

তাঁরা যদি দেখতেন, আমাদের শাসকগোষ্ঠীর পরম বন্ধু আমেরিকার অস্ত্রে ফিলিস্তিনী মুসলমানগণ সপরিবারে নিজ বাড়িতে নিহত হোন; তাহলে তারা কী বলতেন???

ইয়েমেনের সরকারি বাহিনীর সাথে মিলে মার্কিন জঙ্গীবিমানগুলির মুজাহিদদের উপর মুহুর্মুহু বিমান হামলা যদি তারা প্রত্যক্ষ করতেন, কী মূল্যায়ন করতেন? ভেবে দেখুন!

০৭. কাফেরদের সাথে যুদ্ধ করা, তাদের ভ্রষ্টতার মুখোশ উম্মোচন করা, তাদের সাথে বন্ধুত্ব না রাখা এবং তাদের থেকে দূরে থাকার নির্দেশ:

আল্লাহ তা'আলা শুধু কাফেরদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেননি; বরং আমাদেরকে আসলী, মুরতাদ ও মুনাফিক; সকল প্রকার কাফেরদের সাথে যুদ্ধ করার নির্দেশ দিয়েছেন।

ক. আসলী কাফেরদের বিরুদ্ধে জিহাদ করা এবং কাফেররা ইসলামী রাষ্ট্র দখল করে নিলে তাদের বিরুদ্ধে জিহাদ করা ফরযে আইন

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন,

وإذا دخل العدو بلاد الإسلام فلا ريب أنه يجب دفعه على الأقرب فالأقرب إذ بلاد الإسلام كلها بمنزلة البلدة الواحدة، وأنه يجب النفير إليه بلا إذن والد ولا غريم، ونصوص أحمد صريحة بهذا.

وقال أيضاً: وأما قتال الدفع فهو أشد أنواع دفع الصائل عن الحرمة والدين فواجب إجماعاً، فالعدو الصائل الذي يفسد الدين والدنيا لا شيء أوجب بعد الإيمان من دفعه، فلا يشترط له شرط بل يدفع بحسب الإمكان، وقد نص على ذلك العلماء أصحابنا وغيرهم، فيجب التفريق بين دفع الصائل الظالم الكافر وبين طلبه في بلاده.

"শত্রুবাহিনী যখন কোনো ইসলামী রাষ্ট্রে ঢুকে পড়ে, তখন তাদেরকে প্রতিহত করা সন্দেহাতীতভাবে ফরয হয়ে যায়। সে দেশের মুসলমানদের উপর, তারপর তারা না পারলে তাদের পার্শ্ববর্তী দেশের মুসলমানদের উপর। কারণ, সমস্ত ইসলামী রাষ্ট্র একটি দেশের ন্যায়। পিতা-মাতা ও ঋণ প্রাপকের অনুমতি ছাড়াই সে যুদ্ধে অংশ নিতে হবে। এ ব্যাপারে আহমাদ রহ. কর্তৃক উদ্ধৃতিগুলো স্পষ্ট।

তিনি আরও বলেন, আত্মরক্ষামূলক জিহাদ হলো: ইজ্জত ও দ্বীন রক্ষার সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রকার। তা উম্মাহর ঐকমত্যে ফরয। দ্বীন ও দুনিয়ার বিষয়ে ফাসাদ সৃষ্টিকারী হানাদার বাহিনীকে প্রতিহত করার চেয়ে গুরুত্বপূর্ণ ঈমান আনার পরে আর কোনো ফরয নেই। তাই এতে কোনো শর্ত নেই; বরং সবার জন্য সাধ্যানুযায়ী প্রতিহত করা আবশ্যক। আমাদের আসহাব ও অন্যান্য উলামায়ে কেরাম স্পষ্ট বলেছেন, এখানে জালিম কাফের হানাদার বাহিনী এবং তাদেরকে উক্ত দেশে আহ্বানকারীদের মাঝে পার্থক্য করতে হবে।" (আল-ফাতাওয়া আল-কুবরা, আল-ইখতিয়ারাতুল ইলমিয়্যাহ, কিতাবুল জিহাদ, ৪/৬০৭)

ইসলামী রাষ্ট্রে আক্রমণকারী কাফেরদেরকে প্রতিহত করার ব্যাপারে ঐকমত্য হওয়ার দলিল সম্বলিত মুজাহিদে আজম শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এর কঠোর ফতোয়াটি একটু

ভেবে দেখুন। ঈমানের পর তাদেরকে প্রতিহত করার চেয়ে কোনো গুরুত্বপূর্ণ কাজ নেই। এটির উপর সমস্ত আলেম একমত হয়েছেন- তার এ তাকীদটিও লক্ষ্য করুন। এরপর কথাটিকে বর্তমান যুগের দরবারি আলেম ও মডারেট দাঈদের কথার সাথে মিলিয়ে দেখুন, যারা সর্বাত্মক চেষ্টা চালিয়ে মুসলমানদেরকে জিহাদ থেকে বিরত রাখতে চায়; যাতে আমাদের ভূখণ্ডে হানাদার কাফেরদেরকে নিরাপদে রাখা যায় এবং তাদের মনোবাসনা সহজ শান্তভাবে পূর্ণ করতে পারে।

খ. ইসলামী রাষ্ট্রের মুরতাদ শাসকদের বিরুদ্ধে যুদ্ধ করা

ইসলাম ছাড়া অন্য কোনো মতবাদে দেশ পরিচালনাকারী এবং ইয়াহুদী-খ্রিস্টানদের বন্ধু মুরতাদ শাসকগোষ্ঠীর বিরুদ্ধে যুদ্ধ করা বর্তমান যুগের ফরযে আইন জিহাদের অন্যতম একটি রূপ। এ বিষয়টি সে সকল বিষয়ের অন্তর্গত একটি বিষয়, যার উপর উলামায়ে কেরাম একমত রয়েছেন এবং এ ব্যাপারে তাঁরা ফতোয়া দিয়েছেন। আমরা তার কিয়দাংশ এখানে উল্লেখ করব। মহান আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا ﴾النساء: ٦٥﴿

"কিন্তু না, আপনার পালনকর্তার কসম! তারা ততক্ষণ পর্যন্ত ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক মানবে। অতঃপর তোমার

মীমাংসার ব্যাপারে নিজেদের মনে কোনো রকম সংকীর্ণতা পাবে না এবং তা হৃষ্টচিত্তে কবুল করে নেবে।” (সূরা নিসা: ৬৫)

০১. ইমাম শাফেয়ী রহ. বলেন, রাসূলের আনুগত্য অধ্যায়: আল্লাহ তা‘আলা ইরশাদ করেছেন-

وَأَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ ... ﴿المائدة: ٩٢﴾

“তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর।” (সূরা মায়িদা: ৯২)

وَمَا أَرْسَلْنَا مِن رَّسُولٍ إِلَّا لِيُطَاعَ بِإِذْنِ اللَّهِ ... ﴿النساء: ٦٤﴾

“বস্তুত আমি একমাত্র এ উদ্দেশ্যেই রাসূল প্রেরণ করেছি, যাতে আল্লাহর নির্দেশানুযায়ী তাঁদের আদেশ-নিষেধ মান্য করা হয়।” (সূরা নিসা: ৬৪)

مَن يُطِعِ الرَّسُولَ فَقَدْ أَطَاعَ اللَّهَ...﴿النساء: ٨٠﴾

“যে ব্যক্তি রাসূলের হুকুম মান্য করে, সে আল্লাহরই হুকুম মান্য করল।” (সূরা নিসা: ৮০)

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا ﴿النساء: ٦٥﴾

“কিন্তু না, আপনার পালনকর্তার কসম! তারা ততক্ষণ পর্যন্ত ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক মানবে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজেদের মনে কোনো রকম সংকীর্ণতা পাবে না এবং তা হৃষ্টচিত্তে কবুল করে নেবে।” (সূরা নিসা: ৬৫)

উক্ত আয়াতসমূহ দ্বারা আল্লাহ তা'আলা এ কথা তাকীদ দিয়ে বুঝাতে চেয়েছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আনুগত্য করা ওয়াজিব এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আনুগত্য করা মানে আল্লাহরই আনুগত্য করা। সুতরাং তাঁর অবাধ্য হওয়ার মানে স্বয়ং আল্লাহরই অবাধ্য হওয়া। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

فَلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرِهِ أَن تُصِيبَهُمْ فِتْنَةٌ أَوْ يُصِيبَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿النور: ٦٣﴾

"অতএব যারা তাঁর আদেশের বিরুদ্ধাচরণ করে, তারা এ বিষয়ে সতর্ক হোক যে, বিপর্যয় তাদেরকে স্পর্শ করবে অথবা যন্ত্রণাদায়ক শাস্তি তাদেরকে গ্রাস করবে।" (সূরা নূর: ৬৩)

এ আয়াতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিরোধিতার ব্যাপারে সতর্ক করে দেওয়া হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিরোধী এবং তাঁর আনীত ধর্ম মেনে নেওয়া থেকে বিরতদেরকে এবং তাতে সন্দেহকারীদেরকে ঈমান থেকে বহির্ভূত বলা হয়েছে। যেমন আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا ﴿النساء: ٦٥﴾

"কিন্তু না, আপনার পালনকর্তার কসম! তারা ততক্ষণ পর্যন্ত ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক মানবে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে নিজেদের মনে কোনো রকম সংকীর্ণতা পাবে না এবং তা হৃষ্টচিত্তে কবুল করে নেবে।" (সূরা নিসা: ৬৫)

আয়াতে حرج শব্দের ব্যাখ্যায় বলা হয়, মুজাহিদ রহ. থেকে বর্ণিত, حرج এর অর্থ সন্দেহ। তবে حرج এর আসল অর্থ সংকীর্ণতা। সুতরাং আয়াতের অর্থ এও হতে পারে যে, সন্দেহাতীত ভাবে মেনে নেওয়া, এ ক্ষেত্রে মনে কোনো সংকীর্ণতা না রাখা; বরং খোলা মনে, জেনে-শুনে এবং বিশ্বাসের সাথে মেনে নেওয়া।

এ আয়াত প্রমাণ করে যে, যে ব্যক্তি আল্লাহ তা'আলা'র বা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কোনো আদেশ প্রত্যাখ্যান করে, সে ইসলাম থেকে বহিষ্কৃত হয়ে যায়। চাই সন্দেহ করে প্রত্যাখ্যান করুক বা গ্রহণ করা থেকে বিরত থেকে প্রত্যাখ্যান করুক বা মেনে নিতে অস্বীকৃতি জানিয়ে প্রত্যাখ্যান করুক।

সাহাবায়ে কেরাম যাকাত প্রদানে অস্বীকৃতি জ্ঞাপনকারীদেরকে মুরতাদ ঘোষণা দিয়ে তাদেরকে হত্যা করা এবং স্ত্রী-সন্তানকে গ্রেফতার করার হুকুম দিয়েছিলেন, এ আয়াতে তাঁদের কাজের বৈধতার প্রমাণ করে। কারণ, আল্লাহ তা'আলা নির্দেশ করেছেন, যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদেশ ও রায় মানবে না, সে ঈমানদারদের অন্তর্ভুক্ত নয়।" (ইমাম শাফেয়ী রহ. প্রণীত আহকামুল কুরআন, ৩/১৮০-১৮১)

মহান আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

﴿أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ﴾ [المائدة: ٥٠]

“তবে কি তারা জাহেলী যুগের ফায়সালা কামনা করে? আল্লাহ অপেক্ষা বিশ্বাসীদের জন্য উত্তম ফায়সালাকারী কে?”(সূরা মায়িদা: ৫০)

আল্লামা ইবনে কাসীর রহ. বলেন,

ينكر تعالى على من خرج عن حكم الله المحكم، المشتمل على كل خير، الناهي عن كل شر، وعدل إلى ما سواه من الآراء والأهواء والاصطلاحات التي وضعها الرجال بلا مستند من شريعة الله، كما كان أهل الجاهلية يحكمون به من الضلالات والجهالات بما يضعونها بآرائهم وأهوائهم، وكما يحكم به التتار من السياسات الملكية المأخوذة عن ملكهم جنكز خان الذي وضع لهم الياسق، وهو عبارة عن كتاب مجموع من أحكام قد اقتبسها عن شرائع شتى من اليهودية والنصرانية والملة الإسلامية وغيرها، وفيها كثير من الأحكام أخذها من مجرد نظرة وهواه، فصارت في بنيه شرعاً متبعاً، يقدمونها على الحكم بكتاب الله وسنة رسول الله ﷺ، فمن فعل ذلك فهو كافر يجب قتاله حتى يرجع إلى حكم الله ورسوله، فلا يحكم سواه في قليل ولا كثير.

“আল্লাহ তা‘আলা তাদের কর্মকাণ্ডকে নিন্দা জানাচ্ছেন, যারা আল্লাহ তা‘আলার অলঙ্ঘনীয় বিধান- যা সব ধরনের কল্যাণ সমৃদ্ধ এবং সব ধরনের অকল্যাণকে প্রতিহতকারী; তা থেকে বের হয়ে প্রবৃত্তি, নিজস্ব ধ্যান-ধারণা, শরীয়াহর বাহিরের মানব রচিত পরিভাষাসমূহের দিকে প্রত্যাবর্তন করে।

যেমন, জাহেলী যুগের মানুষ মানুষের মস্তিষ্ক ও প্রবৃত্তিপ্রসূত মূর্খতা ও ভ্রষ্টতাপূর্ণ চিন্তা দ্বারা নিজেদের পরিচালনা করত। তেমনিভাবে তাতার শাসকগোষ্ঠী চেঙ্গিস খান প্রণীত ইয়াসিক দ্বারা দেশ পরিচালনা করত। ইয়াসিকের সার কথা হলো, এটি এমন একটি আইন সংকলন;

যাতে আইন গ্রহণ করা হয়েছে ইয়াহুদী, খ্রিস্টান, ইসলামসহ বিভিন্ন ধর্ম থেকে। তাতে এমন কতক আইন আছে, যা শুধুমাত্র প্রবৃত্তি ও চাহিদাপ্রসূত। ফলে সেটি তার উত্তরসূরীদের নিকট অনুসরণীয় শরীয়ায় পরিণত হলো। তারা এটিকে আল্লাহর কিতাব ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাহর উপর অগ্রাধিকার দিত। সুতরাং যে ব্যক্তি এমন কাজ করবে, সে কাফের হয়ে যাবে। আল্লাহ ও তাঁর রাসূলের বিধানে ফিরে না আসা পর্যন্ত তার সাথে যুদ্ধ করা ওয়াজিব। সামান্য কি বেশি; কোনো বিষয়েই শরীয়াহর বাহিরে গিয়ে হুকুম দেওয়া যাবে না।” (তাফসীরে ইবনে কাসীর, ২/৬৮)

গ. সংশয় সৃষ্টিকারী মুনাফিকদের সাথে যুদ্ধ করা

মহান আল্লাহ তা'আলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মুনাফিকদের সাথে কঠোরতা, অনমনীয়তা, যুক্তি উপস্থাপন ও শাস্তি প্রদানের মাধ্যমে জিহাদ করতে বলেছেন। তিনি ইরশাদ করেছেন-

﴿يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ﴾ [التحريم: ٩]

“হে নবী! কাফের ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ করুন এবং তাদের প্রতি কঠোর হোন।”(সূরা তাহরীম: ৯)

ইমাম কুরতুবী রহ. বলেন,

فيه مسألة واحدة وهو التشديد في دين الله، فأمره أن يجاهد الكفار بالسيف والمواعظ الحسنة والدعاء إلى الله، والمنافقين بالغلظة وإقامة الحجة، وأن يعرفهم أحوالهم في الآخرة وأنهم لا نور لهم يجوزون به الصراط مع المؤمنين ، وقال الحسن: أي جاهدهم بإقامة الحدود عليهم.

“এ আয়াতে একটি মাসআলা স্পষ্ট করা হয়েছে। তা হলো: দ্বীনের ব্যাপারে অনমনীয়তা। তিনি নির্দেশ করেছেন যে, কাফেরদের সাথে অস্ত্রশস্ত্র, উত্তম উপদেশ ও আল্লাহর দিকে আহ্বানের মাধ্যমে যুদ্ধ কর। আর মুনাফিকদের সাথে কঠোরতা ও যুক্তি উপস্থাপন এবং তাদের শেষ পরিণাম কীরূপ হবে এবং মু'মিনদের সাথে চললেও তাদের কোনো ভবিষ্যৎ নেই, এ কথা অবহিত করে বুঝানোর মাধ্যমে যুদ্ধ কর। হাসান রহ. বলেন, অর্থাৎ শাস্তি বাস্তবায়ন করে তাদের সাথে জিহাদ কর।” (তাফসীরে কুরতুবী, ১৮/২০১ পৃ.)

০৮. শরীয়াহর নিকট অগ্রহণযোগ্য কাফেরদের সাথে বন্ধুত্বকারীদের কিছু মিথ্যা অজুহাত:

আল্লাহ তা'আলা মুনাফিকদের মিথ্যা অজুহাত গ্রহণ করেননি। তারা কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ করে। যুগের বিপর্যয় ও বৈশ্বিক পরিবর্তনের অজুহাতে তাদেরকে সাহায্য করে। কখনো তারা মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করেছে কাফেরদের নিকট তাদের একটা অবস্থান হওয়ার অজুহাতে। আল্লাহ তা'আলা বলেন-

